



ফিলিপাইনে ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে ৩৭



সংগৃহীত ছবি

ফিলিপাইনে ৭ দশমিক ৮ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৩৭ জনে দাঁড়িয়েছে। আহত হয়েছেন দেড় শতাধিক মানুষ। ধ্বংসস্তূপ থেকে এখন পর্যন্ত ৩১টি মরদেহ উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে স্থানীয় কর্তৃপক্ষ।

দেশটির সিভিল ডিফেন্সের তথ্য অনুযায়ী, এখনও বেশ কয়েকজন নিখোঁজ রয়েছেন। এদিকে ১০ হাজারের বেশি মানুষ তাদের ঘরবাড়ি হারিয়েছেন বলে জানা গেছে।

সোমবার সকালে দক্ষিণ ফিলিপাইনের মিনদানাও দ্বীপে ভূমিকম্পটি আঘাত হানে। ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল ভূপৃষ্ঠ থেকে প্রায় সাড়ে ৬ মাইল গভীরে। এরপর এক থেকে ছয় মাত্রার প্রায় ১৪০টি আফটারশক অনুভূত হয়।

ঘটনার পর ফিলিপাইনসহ আশপাশের কয়েকটি দেশে সাময়িকভাবে সুনামি সতর্কতা জারি করা হয়েছিল। মিনদানাও দ্বীপে প্রায় আড়াই কোটি মানুষের বসবাস।

LENS ASIA